



বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি
Bangladesh Class-III Govt. Employees Association
(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

সভাপতি : মোঃ মাহফুজুর রহমান
মোবাইল : ০১৭১৫-৬৬৫৫৪৬
মহাসচিব : মোঃ লুৎফর রহমান
মোবাইল : ০১৯২২-১১৭৫০১

স্মারক নং : বাতসকস/২০১৩/ 22

তারিখ : ২০ এপ্রিল ২০১৩

বরাবর

সভাপতি/চেয়ারম্যান/মহাসচিব/সাধারণ সম্পাদক

.....
.....


প্রিয় সহকর্মী,


আন্তরিক শুভেচ্ছা ও সালাম নিবেন। সর্বশেষ ২০০৯ সালে বেতন স্কেল বাস্তবায়নের পর নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর মূল্যবৃদ্ধি ও তৎপ্রেক্ষিতে সীমিত আয়ের সরকারি কর্মচারীদের চলমান জীবনযাত্রার দুঃসহ পরিস্থিতির কথা আমরা সবাই অবগত আছি। এছাড়া দীর্ঘদিন যাবত বাংলাদেশ সচিবালয়সহ বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের তৃতীয় শ্রেণীভুক্ত সমপর্যায়ের বিভিন্ন পদপদবীর কর্মচারীদের মধ্যে দপ্তর বা প্রতিষ্ঠানভেদে বিরাজমান পদমর্যাদা ও বেতন ভাতার বৈষম্য সৃষ্টির ফলে বঞ্চিত কর্মচারীদের মধ্যে হতাশা ও তীব্র ক্ষোভের কারণ হয়ে আছে। যার সম্মান জনক সমাধান হওয়া আশু প্রয়োজন।

এমতাবস্থায়, সরকারের নিকট কর্মচারীদের অতি গুরুত্বপূর্ণ দাবী তথা সমস্যাগুলো সমাধানের নিমিত্তে করণীয় বা কি ধরনের সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা যায় সেবিষয়ে আপনাদের সাথে মতবিনিময়ের উদ্দেশ্যে আগামী ২৭/০৪/২০১৩ তারিখ শনিবার পল্টনস্থ জি. পি. ও এর পি এম জি সেমিনার হলে (২য় তলা) সকাল ৯.০০টা হতে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত আলোচনা সভায় আপনাকে/আপনাদেরকে উপস্থিতির জন্য সাদর আমন্ত্রণ জানানো হলো।

আপনার সদয় উপস্থিতি ও বিজ্ঞ পরামর্শের অপেক্ষায় রইলাম।

ধন্যবাদান্তে


(মোঃ লুৎফর রহমান)
মহাসচিব
০১৯২২-১১৭৫০১


(মোঃ মাহফুজুর রহমান)
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬